বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ
১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স-০২-৫৮০৫১০১০
ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, ওয়েবঃ www.bsmrmu.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: বিএসএমআরএমইউ/রেজি-৩৩৬/২২/০২ তারিখ: ২৫/০৯/২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে:

| ক্র. নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ক। | **সহযোগী অধ্যাপক**<br>ইংরেজি-০১ জন<br>(গ্রেড-০৪, বেতনস্কেল-(৫০,০০০-৭১,২০০/-) | --- | **(ক) শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি/ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়ে স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। সনাতন পদ্ধতিতে শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।<br>**(খ) অভিজ্ঞতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে পূর্ণকালীন শিক্ষকতা/গবেষণা কাজে-<br>১) পিএইচডি ডিগ্রির ক্ষেত্রে - সহকারী অধ্যাপক হিসেবে ৪ বছরসহ মোট ৭ বছরের অভিজ্ঞতা;<br>২) এমফিল/সমমানের ডিগ্রির ক্ষেত্রে - সহকারী অধ্যাপক হিসেবে ৬ বছরসহ মোট ৯ বছরের অভিজ্ঞতা;<br>৩) সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে- সহকারী অধ্যাপক হিসেবে ৭ বছরসহ মোট ১২ বছরের অভিজ্ঞতা;<br>৪) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে;<br>৫) স্বীকৃত বিদেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতার অভিজ্ঞতা বিশেষ বিবেচনায় নেওয়া হইবে।<br>**(গ) প্রকাশনা:** সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ১টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।<br>(ঘ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন। |
| খ। | **প্রভাষক**<br>মেরিন ফিশারিজ এ্যান্ড এ্যাকুয়াকালচার - ০১ জন<br>(গ্রেড-০৯, বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-) | সর্বোচ্চ ৩০ বৎসর | **(ক) শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেরিন ফিশারিজ/ ফিশারিজ/ এ্যাকুয়াকালচার/মেরিন সায়েন্স/ প্রাণীবিদ্যা বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং মেরিন ফিশারিজ/ফিশারিজ/এ্যাকুয়াকালচার/ মেরিন সায়েন্স বিষয়ে থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। সনাতন পদ্ধতিতে শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| গ। | **প্রভাষক**<br>মেরিটাইম ল' এন্ড পলিসি- ০১ জন<br>(গ্রেড-০৯, বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-) | সর্বোচ্চ ৩০ বৎসর | **(ক) শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারী/মেরিটাইম ল' এন্ড পলিসি বিষয়ে ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। সনাতন পদ্ধতিতে শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ঘ। | **প্রভাষক**<br>ওশানোগ্রাফি এন্ড হাইড্রোগ্রাফি- ০১ জন<br>(গ্রেড-০৯, বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-) | সর্বোর্চ্চ ৩০ বৎসর | **(ক) শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ওশানোগ্রাফি/মেরিন সায়েন্স/মেরিন জিওলজি/জিওলজি/ফিশারিজ বিষয়ে স্নাতক (সম্মান) এবং ওশানোগ্রাফি/ মেরিন সায়েন্স/মেরিন জিওলজি/জিওলজি বিষয়ে থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। সনাতন পদ্ধতিতে শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না এবং স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকিতে হইবে। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |

** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।

## শর্তাবলি:

১। আগ্রহী প্রার্থীদের **স্বহস্তে পূরণকৃত ০৭ (সাত) সেট আবেদনপত্র** ২৭ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে **রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬** ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.bsmrmu.edu.bd** বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান /যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

২। **বিএসএমআরএমইউ জেনারেল ফান্ড**-এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হইতে ৮০০/০০ (আটশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৭ (সাত) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমতা প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে/বাছাই বোর্ডের সাক্ষাৎকারের পূর্বে জমা দিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।

৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

৮। 'প্রকাশনা' অর্থ পিয়ার রিভিউড/ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত কোন গবেষণা প্রবন্ধকে বুঝাইবে।

৯। **চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১০। **বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন। তবে ২০২৩ সাল হইতে চট্টগ্রামে অস্থায়ী ক্যাম্পাস স্থানান্তরিত হতে পারে।**

১১। উপরোল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পাইতে পারে।

রেজিস্ট্রার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ